

বুয়েটের প্রাক নির্বাচনী ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ঢাবি প্রতিবেদক

২৮ জানুয়ারি ২০২৫, ১২:০০ এএম



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণিতে প্রাক-নির্বাচনী পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এতে তিন শিফটে ৭ হাজার ৫৫২ জন ভর্তিচ্ছু মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেয়েছে। গতকাল সোমবার বিকালে এ ফলাফল প্রকাশ করা হয়। আগামী ১৩ ফেব্রুয়ারি ২ ঘণ্টাব্যাপী মূল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

UNIBOTS

গত ২৩ জানুয়ারি বুয়েট ক্যাম্পাসে প্রাক-নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১০০ নম্বরের এই পরীক্ষায় এতে ২৪ হাজার ২১১ জন শিক্ষার্থী অংশগ্রহণের সুযোগ পেয়েছেন।

উল্লেখ্য, ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ভর্তিসংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি যঃঃঢ়:// ঁমধফসরংংরড়হ. নঁবঃ.ধপ.নফ ওয়েবসাইটে দেখতে পারবেন। চলতি শিক্ষাবর্ষে কেমিক্যাল অ্যান্ড ম্যাটেরিয়ালস কৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদসমূহের অধীনে ১৩টি বিভাগে স্নাতক শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। এবারের ভর্তি পরীক্ষায় পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ সর্বমোট ১ হাজার ৩০৯টি।